



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।

ফোন-০৩০৩৫৫৬৩৯১-৯২, মোবাইল-০১৮৭৬০২৯০৪৬

ই-মেইল- patiyagovtcollege@gmail.com, ওয়েবসাইট- www.patiyagovtcollege.gov.bd

তারিখ : ০৯/০২/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয় : চট্টগ্রাম জেলা পরিষদের শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি।


সূত্র : জেলা পরিষদ, চট্টগ্রাম এর স্মারক নং- ৪৬.৪২.১৫০০.০০১.৩৬.০০১.২৪.৬৮৩৩, তারিখ : ৩০/০১/২০২৫খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে বাজেট বরাদ্দের আওতায় চট্টগ্রাম জেলার স্থায়ী অধিবাসী (চট্টগ্রাম সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকা ব্যতীত) দরিদ্র ও অসহায় শিক্ষার্থী ২০২৩ সালে এসএসসি/এইচএসসি/ডিগ্রী/অনার্স/সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত শর্তে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হয়েছে।

শর্তাবলী:-

- ১। আবেদনকারীকে অবশ্যই চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। আবেদনকারীকে অবশ্যই দরিদ্র ও অসহায় হতে হবে।
- ৩। আবেদন পত্র স্বহস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষা বৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩। আবেদনকারী ছাত্র-ছাত্রীকে ২০২২ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম অতিরিক্ত বিষয় ব্যতীত জিপিএ-৫ এবং ডিগ্রী/অনার্স/সমমানের পরীক্ষায় ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। ২০২৩ সালের পূর্বে বা পরে যারা উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের আবেদন বিবেচনা করা হবেনা।
- ৪। আবেদনপত্রের সঙ্গে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :-
 - ক) অধ্যয়নরত শ্রেণির পরিচয়পত্র/ভর্তি রসিদের ফটোকপি;
 - ক) মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি ;
 - গ) সম্প্রতি তোলা ১কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ;
 - ঘ) স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র ;
 - ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ১) নাগিরকত্ব সনদের মূলকপি এবং ২) অভিভাবকের আয়ের উৎস বিষয়ক প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদনপত্রের নমুনা ফরম www.zpchattogram.org ওয়েবসাইট, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এবং জেলা পরিষদ, চট্টগ্রাম এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ৬। বৃত্তি প্রদানের ক্ষেত্রে জেলা পরিষদ, চট্টগ্রাম কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।
- ৭। কলেজ অফিসে পূরণকৃত আবেদন ফরম (সংশ্লিষ্ট কাগজপত্রসহ) জমা দেয়ার শেষ তারিখ : ১৩/০৩/২০২৫ খ্রি.।




০৭.০২.২০২৫
(প্রফেসর ইলিয়াছ উদ্দিন আহাম্মদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।

প্রফেসর ইলিয়াছ উদ্দিন আহাম্মদ

আই ডি নম্বর: ০০২৮৫৭

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।